

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
শের-ই-বাংলা নগর, ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তি

২৮ আগস্ট ২০১৭, সোমবার


২৮ আগস্ট ২০১৭ তারিখে “চতুর্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (৪র্থ এইচএনপি),” এ অর্থায়নের জন্য ৫০০ মিলিয়ন মার্কিন ডলারের একটি ঋণচুক্তি এবং ১৫ মিলিয়ন মার্কিন ডলারের একটি অনুদান চুক্তি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের মধ্যে স্বাক্ষরিত হয়েছে। জনাব মোহাম্মদ নাসিম, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জনাব জাহিদ মালেক, মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর উপস্থিতিতে বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব জনাব কাজী শফিকুল আযম এবং আইডিএ’র পক্ষে বিশ্বব্যাংক ঢাকা অফিসের Country Director, Mr. Qimiao Fan উক্ত ঋণ এবং অনুদান চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ সরকারের, বিশ্বব্যাংক ঢাকা অফিসের উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং বিভিন্ন উন্নয়ন সহযোগি সংস্থার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

কর্মসূচিটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীনে ২৯টি Operational Plans (Ops)-এর মাধ্যমে জানুয়ারি ২০১৭ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হবে। কর্মসূচিটির প্রাক্কলিত মোট ব্যয় ধরা হয়েছে ১৪.৭ বিলিয়ন মার্কিন ডলার। তন্মধ্যে, বিশ্বব্যাংক ৫০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ এবং Global Financing Facility ১৫ মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করবে। বাস্তবায়িতব্য কর্মসূচির লক্ষ্য হল, বাংলাদেশের সকল নাগরিকের সুস্বাস্থ্য ও কল্যাণে এবং স্বাস্থ্য সম্মত পরিবেশ নিশ্চিতকল্পে সমতাভিত্তিক ও মানসম্পন্ন স্বাস্থ্য সেবার সুযোগ বৃদ্ধি করা।

স্বাস্থ্য সেক্টরের এ কর্মসূচি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত তিনটি Component-এর আওতায় বিস্তৃত কার্যক্রম গ্রহণ করা হবেঃ

- শাসনকার্য এবং ন্যস্ত দায়িত্ব;
- স্বাস্থ্য, পুষ্টি এবং জনসংখ্যা ব্যবস্থা শক্তিশালীকরণ;
- গুণগত স্বাস্থ্য, পুষ্টি এবং জনসংখ্যা সংক্রান্ত সেবার বিধান করা।

আইডিএ প্রদেয় ৫০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণের অর্থ ৬ (ছয়) বছরের গ্রেস পিরিয়ডসহ ৩৮ বছরে পরিশোধ করতে হবে। এ ঋণের উত্তোলিত অর্থের ওপর ০.৭৫% হারে সার্ভিস চার্জ প্রদান করতে হবে।

  
২৪/৮/২০১৭  
(মাহফুজা আকতার)  
উপ-সচিব